

বিয়ানীবাজারে শিক্ষামন্ত্রী পেনশনের চেক এখন শিক্ষকদের পেছনে ঘুরে

সিলেট অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি
বসেছেন, শিক্ষকরা মানুষ, গড়ার
কারিগর। অতীতে শিক্ষকরা অবসরে
গেলে পেনশনের টাকা পেতে
বিড়ম্বনা পড়তেন। আর এখন
পেনশনের চেক শিক্ষকদের পেছনে
ঘুরছে। শরিফাবাদে বিয়ানীবাজার
উপজেলা অডিটরিয়ামে বাংলাদেশ
প্রাথমিক শিক্ষক সমিতি বিয়ানীবাজার
উপজেলা শাখার প্রকাশনা 'দুটিপাত'
এবং বিয়ানীবাজার গোলাপগঞ্জের
'উন্নয়নের আড়াই বছর' নামক পুথক
দুটি গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে
প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব
কথা বলেন। এ সময় জেলা পরিষদের
প্রধান নির্বাহী হারুনুর রশীদ, উপজেলা
পরিষদের অস্থায়ী চেয়ারম্যান রুমা
চক্রবর্তী, ইউএনও সুরজ কুমার দে,
মঞ্জির উদ্দিন আনসার, হাজী আব্দুল
হাছিব মনিয়া, আতাউর রহমান খান,
বুরহান উদ্দিন, খালেদ সাইফুদ্দিন
আত্মী উপস্থিত ছিলেন।